দৈনিক

8 JAN 2017

# টাঙ্গাইলের ৫ উপজেলায় প্রাথমিকের তিন বিষয়ের বই পায়নি শিক্ষার্থীরা

**ভূঞাপুর (টাঙ্গাইল) সংবাদদাতা**

সারাদেশে চলছে বই উৎসব। কিন্তু টাঙ্গাইলের ৫ উপজেলায় প্রাথমিক বিদ্যালয়ের ৯২ হাজার ৮৮০ জন শিক্ষার্থী ৩ বিষয়ের বই এখনও পায়নি। বই না পেয়ে হতাশ কোমলমতি শিক্ষার্থীরা। কর্তৃপক্ষ বলছে, আগামী সপ্তাহের মধ্যেই সকল বই পৌঁছে যাবে শিক্ষার্থীদের হাতে। এদিকে মাত্র ৩টি বিষয়ে বই না থাকায় বিদ্যালয়ে ক্লাস শুরু করতে পারছেন না শিক্ষকরা।

> টাঙ্গাইলের ৫ উপজেলায় প্রাথমিক বিদ্যালয়ের ৯২ হাজার ৮৮০ জন শিক্ষার্থী ৩ বিষয়ের বই এখনো পায়নি

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার কার্যালয় সূত্রে জানা যায়, টাঙ্গাইলের তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণির প্রাথমিক বিজ্ঞান, বাংলাদেশ ও বিশ্ব পরিচয় এবং ধর্ম শিক্ষা বই এখনও ছাত্র-ছাত্রীদের নিকট পৌঁছেনি।

জেলার ১২৪০টি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ধনবাড়ি উপজেলায় ১৪ হাজার ৪৮৫ জন, মধুপুর উপজেলায় ১৮ হাজার ৮১৬ জন, গোপালপুর উপজেলায় ২০ হাজার ৬১৮ জন, ভূঞাপুর উপজেলায় ১৩ হাজার ৬২৬ জন ও ঘাটাইল উপজেলায় ২৫ হাজার ৭৪৫ জনসহ মোট ৯২ হাজার ৮৮০ জন শিক্ষার্থী নতুন বই থেকে এখনও বঞ্চিত।

কালিহাতী উপজেলা মুক্তিযোদ্ধা সংসদের কমান্ডার ও মাইস্তা সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি মিজানুর রহমান মজনু বলেন, অনেক অভিভাবক বই না পাওয়ার বিষয়টি আমাকে জানিয়েছেন। বিষয়টি কর্তৃপক্ষের কাছে জানানো হয়েছে।

একাধিক প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক জানান, ৩টি শ্রেণির ৩ বিষয়ের বই না পাওয়ার কারণে শিক্ষার্থীদের হাতে বই তুলে দিতে পারিনি। ফলে এখনও ওই ৩ বিষয়ের উপর ক্লাসে পাঠদান শুরু করতে পারিনি। তবে আশা করছি কয়েকদিনের মধ্যে বাকি বইগুলো শিক্ষার্থীদের মাঝে বিতরণ করা হবে।

টাঙ্গাইল জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আতাউর রহমান বলেন, জেলার ৫ উপজেলায় তিনটি বিষয়ের বই বুধবার পর্যন্ত শিক্ষার্থীদের হাতে পৌঁছেনি। আমরা বিষয়টি উর্ধ্বতন কর্মকর্তাদের অবহিত করেছি। আশা করছি আগামী সপ্তাহের মধ্যেই বইগুলো ছাত্র-ছাত্রীরা পেয়ে যাবে।